

বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/আরবি/২০২৬/৪১৫২/ ৫৫৮২

## সম্মানিত সকল সদস্যগণের জন্য

বিষয়ঃ **S.M Traders and S.M Denims Mill Ltd, Pakistan-** নামীয় কাপড় সরবরাহকারী প্রতিষ্ঠানটির সাথে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা না করা প্রসঙ্গে ।

এতদ্বারা সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, S.M Traders and S.M Denims Mill Ltd represented by Mr. Asif Merchant, CEO D-11 South Avenue, S. i. T.E, Karachi 75700, Pakistan, Phone: 92 21 3256 2310, 92 21 3256 6970, Fax: 92 213256 2312, 92 21 3257 0130 Official Emails: asif@smgroup.com.Pk; abbas.naqvi@smgroup.com.pk; smdenim@smgroup.com.pk; নামীয় কাপড় সরবরাহকারী প্রতিষ্ঠানটি বিভিন্ন ক্রেতা মনোনীত প্রতিষ্ঠান হিসেবে রপ্তানী আদেশের বিপরীতে ক্রটিযুক্ত কাপড় সরবরাহ করার কারণে প্রতিষ্ঠানসমূহ যথাযথভাবে যথাসময়ে পন্য রপ্তানী করতে পারে না। যার কারণে বিভিন্নভাবে ক্ষতির সম্মুখীন হচ্ছে মর্মে বিজিএমইএ'র সদস্য প্রতিষ্ঠান (Sterling Designs Ltd represented by Mr. Mohammad Habib Ullah, Director, Office: Civil Engineer bhabon 69, Mohakhali C/A, Dhaka-1212, Cell: 01711-540766) কর্তৃক অভিযোগ দাখিল করা হয়।

উক্ত অভিযোগের প্রেক্ষিতে বিজিএমইএ আরবিট্রেশন ট্রাইব্যুনাল উভয় পক্ষের উপস্থিতিতে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করে এবং উভয় পক্ষের বক্তব্য ও উপস্থাপিত তথ্যাদি পর্যালোচনার ভিত্তিতে একটি সিদ্ধান্ত প্রদান করে। ট্রাইব্যুনালের সিদ্ধান্ত মোতাবেক S.M. Traders/S.M. Denims Mill Ltd.-কে Sterling Designs Ltd.-এর অনুকূলে ৭২,৮৮৫.৬০ (মার্কিন ডলার বাহান্তর হাজার আটশত পঁচাশি দশমিক ষাট) ফেরত প্রদানপূর্বক সাত (৭) দিনের মধ্যে Sterling Designs Ltd.-এর নিকট সংরক্ষিত ক্রটিপূর্ণ কাপড় (Article No. 7330-FF, মোট ৩০,৩৬৯ গজ) ফেরত গ্রহণের নির্দেশ প্রদান করা হয়। কিন্তু S.M. Traders/S.M. Denims Mill Ltd. অদ্যাবধি ট্রাইব্যুনালের উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করেনি। পরবর্তীতে প্রতিষ্ঠানটি বিজিএমইএ আরবিট্রেশন ট্রাইব্যুনালের নিকট একাধিকবার বিষয়টি নিষ্পত্তির প্রতিশ্রুতি প্রদান করলেও সেই প্রতিশ্রুতিও বাস্তবায়ন করেনি। ফলে সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠানটি ব্যাপক আর্থিক ক্ষতি, ব্যবসায়িক সুনামহানি এবং অন্যান্য নানাবিধ সমস্যার সম্মুখীন হচ্ছে।

এমতাবস্থায়, Sterling Designs Ltd এর সাথে বর্নিত বিষয়টির নিষ্পত্তি না করা পর্যন্ত **S.M Traders and S.M Denims Mill Ltd Pakistan-** নামীয় কাপড় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা না করার জন্য বিজিএমইএ-এর সকল সদস্যকে বিশেষভাবে অনুরোধ করা হলো। বিজিএমইএ'র এ অনুরোধ উপেক্ষা করে কোনো সদস্য প্রতিষ্ঠান উক্ত প্রতিষ্ঠানের সাথে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করলে এবং ভবিষ্যতে কোনো প্রকার ব্যবসায়িক জটিলতা বা ক্ষতির সৃষ্টি হলে তার সম্পূর্ণ দায়ভার সংশ্লিষ্ট সদস্য প্রতিষ্ঠানকেই বহন করতে হবে।

বিষয়টি অতিব জরুরী।

ধন্যবাদান্তে,



মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম, (অবঃ)

ভারপ্রাপ্ত সচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION  
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশ জৈবী

F:\Arbitration Case file-2012-26\Kabir File\Sterling Designs Ltd-4152\Warning Letter.doc